গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা-০২
www.tmed.gov.bd

স্মারক নং -৫৭.০০.০০০০.১৪২.১৬.০৪১.২২-১৩৪

তারিখঃ ১২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ৩০ এপ্রিল, ২০১৮ খ্রি. তারিখে সম্পন্ন হওয়া 'লক্ষীপুর জেলার কমলনগর উপজেলাধীন হাজির হাট হামেদিয়া ফাজিল' মাদ্রাসার পরিদর্শন প্রতিবেদনের উপর অনুসরণীয় নির্দেশনা।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৪৪.০০১.২২-১৫৩৮; তারিখ: ৩১.০৫.২০২২ খ্রি.
(২) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের স্মারক নং-ডিআইএ/লক্ষীপুর/৭০১-এম/চট্টঃ/১৮১/৪; তারিখ: ২১.০৭.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **লক্ষীপুর জেলার কমলনগর উপজেলাধীন হাজির হাট হামেদিয়া ফাজিল** মাদ্রাসাটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ৩০.০৪.২০১৮ খ্রি. তারিখে পরিদর্শন ও নিরীক্ষা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের প্রেক্ষিতে ব্রডশিটে সুপারের জবাব ও জেলা শিক্ষা অফিসারের মতামতের উপর মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য পাওয়া গেছে। প্রাপ্ত ব্রডশীট জবাব পর্যালোচনা করে টিএমইডি'র নির্দেশনা নিম্নে উপস্থাপন করা হলো:

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ১ | প্রশাসনিক মন্তব্য ও সুপারিশ: | -- |
| ১(গ) | স্বীকৃতি: প্রতিষ্ঠানটি স্বীকৃতির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (আলিম-৩০.০৬.২০২১ খ্রি. তারিখে এবং ফাজিল-২৬.০৪.২০১৯ খ্রি.)। স্বীকৃতি হালনাগাদ নবায়ন রাখা হয়েছে কিনা? সেসর্ম্পকিত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো এবং পরবর্তী অডিটে এ প্রতিফলন থাকতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ১(ঘ) | ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত তথ্য: ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (২৮.০৮.২০২০ খ্রি. তারিখে)। পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করা করা হয়েছে কিনা? তার প্রমাণক প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |
| (২) | মহিলা কোটা সংক্রান্ত তথ্য: প্রতিষ্ঠানটিতে বর্তমানে ২২ জন শিক্ষক কর্মরত আছেন। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক ২২ জনের মধ্যে ২০% হারে ৪.৪০ জন মহিলা শিক্ষক প্রাপ্য। বর্তমানে কোন মহিলা শিক্ষক কর্মরত নেই। ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক মহিলা কোটা পূরণ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |
| ২(ক) | অবকাঠামোগত মন্তব্য ও সুপারিশ: জমি সংক্রান্ত তথ্য: রেকর্ড মোতাবেক প্রতিষ্ঠানের জমির পরিমাণ ১০.২২ একর। উক্ত জমি প্রতিষ্ঠানের নাম খারিজকৃত এবং খাজনা ১৪৩০ সাল পর্যন্ত পরিশোধিত। খাজনা পরিশোধের রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ করার জন্য অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৩ (ক) | ঝরে পড়ার কারণ চিহ্নিত করে ঝরে পড়ার হার কমিয়ে আনার জন্য নির্দেশনাপূর্বক গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার জন্য অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো। | নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণক প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |

চলমান পাতা-০২

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র নির্দেশনা/মন্তব্য | মন্তব্য |
|---|---|---|
| ৩(খ) | একাডেমিক সংক্রান্ত তথ্য ও মন্তব্য: ১) শিক্ষা বছরের শুরুতেই পাঠ পরিকল্পনা তৈরী করে শিক্ষার্থীর নিকট বিতরণ করে পাঠ পরিকল্পনা অনুযায়ী নিয়মিতভাবে শ্রেণিকক্ষে পাঠ উপস্থাপন করতে হবে। ২) শ্রেণিকক্ষে পাঠ্যপুস্তক ছাড়া শিক্ষা সহায়ক উপকরণ যেমন, ম্যাপ, বিভিন্ন চার্ট, গ্লোব ইত্যাদি) নিয়মিতভাবে ব্যবহার করতে হবে। ৩) দুর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদের পাঠোন্নতির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৪) ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তির ব্যবহারে গুরুত্বারোপ সহ ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তির ব্যবহার নিয়মিত ভাবে অনুশীলন নিশ্চিত করতে হবে। ৫) শ্রেনিকক্ষে শিক্ষক ও শিক্ষার্থীদের সমন্বয় পাঠদানকালে অংশগ্রহণ পদ্ধতি (participatory Method) বাস্তবায়ন করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণক প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৩(গ)১ | (গ) পরীক্ষা সংক্রান্ত তথ্য ও মন্তব্য: ১) অভ্যন্তরীন পরীক্ষা ফলাফল: অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া যেতে পারে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা হলো। | ঐ |
| ৩(গ)২ | বৃত্তি পরীক্ষা: বিগত তিন বছরে ইবতেদায়ী বৃত্তি পরীক্ষায় ২০১৫ সনে ০৫ জন, ২০১৬ সনে ০৬ জন, ২০১৭ সনে ১২ জন, এবং জুনিয়র বৃত্তি পরীক্ষায় ২০১৫ সনে ০৫ জন, ২০১৬ সনে ০৪ জন, ২০১৭ সনে ০৭ জন, শিক্ষার্থী বৃত্তি লাভ করেছে। শ্রেণী কক্ষে পাঠদানের মান উন্নয়ন করে প্রতি বছর আরো অধিক হারে এবতেদায়ী জুনিয়র বৃত্তি লাভের জন্য আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ঐ |
| ৩(গ)৩ | ৩) এবতেদায়ী সমাপনী পরীক্ষা: এবতেদায়ী সমাপনী পরীক্ষার কোন শিক্ষার্থী এ (+) প্রাপ্ত হয়নি। শ্রেণী কক্ষে আরো আন্তরিকভাবে পাঠদান করে প্রতি বছর আরে অধিক হারে এ (+) প্রাপ্তিসহ এবতেদায়ী সমাপনী পরীক্ষার ফলাফলের মান আরো উন্নত করতে হবে। | ঐ |
| ৩(গ)৪ | ৪) জে.ডি.সি পরীক্ষা: জে.ডি.সি পরীক্ষায় কোন শিক্ষার্থী এ (+) প্রাপ্ত হয়নি। শ্রেনী কক্ষে আরো আন্তরিকভাবে পাঠদান করে প্রতি বছর আরো অধিক হারে এ(+) প্রাপ্তিসহ জে.ডি.সি পরীক্ষার মান আরো উন্নয়ন করতে হবে। | ঐ |
| ৩(গ)৫ | ৫) দাখিল বোর্ড পরীক্ষার ফলাফল: দাখিল পরীক্ষায় কোনো শিক্ষার্থী এ (+) প্রাপ্ত হয়নি। শ্রেনী কক্ষে আরো আন্তরিকভাবে পাঠদান করে প্রতি বছর আরো অধিক হারে এ(+) প্রাপ্তিসহ দাখিল পরীক্ষার মান আরো উন্নয়ন করতে হবে। | ঐ |
| ৩(গ)৬ | ৬) আলিম বোর্ড পরীক্ষার ফলাফল: আলিম পরীক্ষায় ২০১৫ সনে ০৩ জন শিক্ষার্থী এ (+) প্রাপ্ত হয়েছে। শ্রেনী কক্ষে আরো আন্তরিকভাবে পাঠদান করে প্রতি বছর আরো অধিকহারে এ (+) প্রাপ্তিসহ আলিম পরীক্ষার মান আরো উন্নয়ন করতে হবে। | ঐ |
| ৩(গ)৭ | ৭) ফাজিল পরীক্ষা: ফাজিল পরীক্ষার কোন শিক্ষার্থী এ (+) প্রাপ্ত হয়নি। শ্রেণী কক্ষে আরো আন্তরিকভাবে পাঠদান করে প্রতি বছর আরে অধিক হারে এ (+) প্রাপ্তিসহ এবতেদায়ী সমাপনী পরীক্ষার ফলাফলের মান আরো উন্নত করতে হবে। | ঐ |
| ৩ (ঘ) | (চ) সহপাঠ কার্যক্রম তথ্য ও মন্তব্য: পরিস্কার পরিছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়াম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য বলা যেতে পারে। |
| ৩(ঙ) | পাঠাগার সংক্রান্ত তথ্য ও মন্তব্য: পাঠাগারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া যেতে পারে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে অনুরোধ করা যেতে পারে: (ক). পাঠাগারের জন্য কাম্য সংখ্যক পুস্তক সংগ্রহ করা। (খ) শিক্ষক-শিক্ষার্থীদের নামে নিয়মিত পুস্তক ইস্যু করা। (গ) পাঠাগারে পুস্তক যথাযথভাবে সংরক্ষণ করা। (ঘ) পাঠাগারে পাঠ সহায়ক ম্যাগাজিন/পত্রিকা রাখা। (ঙ) পাঠাগারে ছাত্রীদের পাঠ সহায়ক পরিবেশ তৈরি করা। | ঐ |
| ৩(চ) | বৈজ্ঞানিক যন্ত্রপাতি সংক্রান্ত তথ্য: প্রতিষ্ঠানটিতে দাখিল স্তরে বিজ্ঞান বিভাগ চালু আছে। বিজ্ঞান বিভাগে পর্যাপ্ত পরিমাণ বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি ক্রয়/সংগ্রহ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণ করতে বলা যেতে পারে। |
| ৩(ছ) | সহপাঠ কার্যক্রম: পরিস্কার পরিছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়াম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |

চলমান পাতা-০৩

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র নির্দেশনা/মন্তব্য | মন্তব্য |
|---|---|---|
| ৪. | আর্থিক মন্তব্য ও সুপারিশ: ১. প্রতিবছর আয় ও ব্যয়ের উপর ভিত্তি করে বার্ষিক বাজেন প্রণয়ন করতে হবে। সমস্ত আয় ও ব্যয়ের কার্যক্রম ব্যাংকের কার্যক্রম ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে। কোন অবস্থায়ই হাতে অর্থ রেখে নগদে ব্যয় করা যাবেনা। ২. প্রতি ৩ মাস অন্তর অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি গঠন করে নিয়মিতভাবে যাবতীয় আয় ও ব্যয়ের হিসাব যাচাই করে খাতওয়ারী টাকার পরিমাণ উল্লেখ করে প্রতিবেন কমিটর সভায় উপস্থাপন করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে এ কমিটির অন্তর্ভুক্ত করতে হবে। ৩. ব্যয়ের ভাউচার সমূহ গার্ড ফাইলে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। ৪. আয় ও ব্যয় তাৎক্ষণিকভাবে ক্যাশ বহিতে এন্ট্রিসহ আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসেবে প্রতিষ্ঠান প্রধানকে ক্যাশ বহিতে অনুস্বাক্ষর করতে হবে এবং ক্যাশ বহি সবসময় আপ-টু-ডেট রাখতে হবে। | ঐ |
| ৬(ক) | বিবিধ:<br>মামলা: প্রতিষ্ঠান প্রধান লিখিতভাবে জানান যে, সহকারী শিক্ষক জনাব মাও: হুমায়ুন কবির এর নামে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টে ১৩০/১২ নং মামলা চলমান আছে। মামলার হালনাগাদ তথ্য টিএমইডিতে প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশ প্রদান করা যেতে পারে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণ অনুরোধ করা হলো। |
| ৬(খ) | শিক্ষানীতি বাস্তবায়ন: ক্ষুধা, দারিদ্র্য ও দুর্নীতিমুক্ত বাংলাদেশ গঠনে শিক্ষাই হচ্ছে প্রধান অবলম্বন। শিক্ষাই জাতির মেরুদন্ড। আগামী প্রজন্মকে নৈতিক মূল্যবোধ, জাতীয় ঐহিত্য ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করে জ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে শিক্ষানীতি ২০১০ এর আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। শিক্ষানীতি বাস্তবায়নে শিক্ষকদের ভূমিকা রাখতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |
| ৬(গ) | বাল্য বিবাহ: বাল্যবিবাহ একটি সামাজিব ব্যধি। এর কুফল সম্পর্কে শিক্ষক, অভিভাবক ও শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা বৃদ্ধিসহ সরকরি নির্দেশনা অনুযায়ী বাল্য বিবাহ প্রতিরোধে শিক্ষকগণকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। | ঐ |

০২. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান সংক্রান্ত নির্দেশনাসমূহ মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করে প্রমাণকসহ BSR আগামী ২৫ আগস্ট, ২০২২ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে (মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে) প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো; এবং

০৩. একই সাথে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ব্রডশীটের ও ডিআইএ'র পরিদর্শন প্রতিবেদনের অন্যান্য ক্রমিকে বর্ণিত প্রতিবেদনের বিষয়ে কোন আপত্তি না থাকায় এবং ডিজি, ডিএমই কর্তৃক আপত্তিসমূহ নিষ্পত্তির সুপারিশ ও প্রমাণক থাকায় আপত্তিসমূহ নিষ্পত্তি করা হলো।

24/7/2022

(কাজী আলী রেজা)
সহকারী সচিব (অডিট)
ফোন: ০২- ৯৫৭৫২৭২
ই-মেইল: tmedaudit21@gmail.com

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড
ঢাকা-১০০০।

**অনুলিপি:** (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা-১০০০।
০৪. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. অধ্যক্ষ/ব্যবস্থাপনা কমিটি, হাজির হাট হামেদিয়া ফাজিল মাদ্রাসা, কমলনগর, লক্ষীপুর।
০৭. অফিস কপি।